# ফেব্রুয়ারি/২০২৩ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
## জেলাঃ রাজশাহী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ
তারিখ : ১৯/০২/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি ফেব্রুয়ারি/২৩ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান উল্লেখ করেন যা নিম্নরুপ ।

| # | উপজেলার নাম | ইউরিয়া | | | টিএসপি | | | এমওপি | | | ডিএপি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ |
| ১ | পবা | ১০০২ | ৩৩৮ | ৩৪৯ | ১৮৯ | ১০৩ | ২৪৭ | ৩৯০ | ২০০ | ৩৮০ | ১২৭ | ৫৪ | ৫৯ |
| ২ | তানোর | ১৪৭৪ | ৭২৫ | ৪১১ | ১৯১ | ৭১ | ৩৬৮ | ৬০৫ | ৪২০ | ৪৪৪ | ১৯২ | ২৫ | ৪৯ |
| ৩ | মোহনপুর | ৯২৫ | ৪০৯ | ৩০০ | ১০০ | ৭৮ | ১০৭ | ৩৮০ | ২৭২ | ৩২১ | ৯৫ | ৫০ | ৩৫ |
| ৪ | বাগমারা | ২০০০ | ১৫৩০ | ৫২০ | ২৬০ | ৩১৬ | ১৯৮ | ৭১৮ | ৯৭৮ | ৪২৩ | ১৭০ | ৩৩১ | ৬৩ |
| ৫ | দুর্গাপুর | ৯১৩ | ৩৫০ | ৪১৮ | ১৫০ | ৩৭ | ১৪৫ | ৩৪৫ | ৩০১ | ৪০৬ | ১২৭ | ২১ | ৫১ |
| ৬ | পুঠিয়া | ১৪১৭ | ৬৭৭ | ৪২৭ | ২৩৮ | ৯৮ | ১০৪ | ৫৮৪ | ৩৯২ | ৩৯৫ | ১৬২ | ১২২ | ৬৮ |
| ৭ | গোদাগাড়ী | ১৯৫২ | ৯৭৬ | ৪৩২ | ৩২১ | ১২০ | ১৬৪ | ৯৩৫ | ৪০২ | ৪৩৫ | ২৬১ | ১৮৩ | ৯০ |
| ৮ | চারঘাট | ৩৮৫ | ২৫৫ | ২৬০ | ৭৫ | ৫০ | ৪৫ | ২১৭ | ১৩০ | ১০০ | ৭৯ | ৫৪ | ৫৪ |
| ৯ | বাঘা | ৫৬০ | ৩১১ | ১৯৬ | ১৪৩ | ১০৮ | ১৩৯ | ৩৫৫ | ২১৮ | ৩০৩ | ৮৬ | ৩৭ | ৫২ |
| ১০ | বোয়ালিয়া | ২৩ | ০ | ৯ | ৮ | ০ | ১ | ১০ | ০ | ৯ | ৪ | ০ | ১ |
| ১১ | মতিহার | ৩০ | ১০ | ৮ | ৭ | ৭ | ৫ | ১২ | ৫ | ১০ | ৫ | ৮ | ৫ |
| | মোট | ১০৬৮১ | ৫৫৮২ | ৩৩৩০ | ১৬৮২ | ৯৮৭ | ১৫২৩ | ৪৫৫১ | ৩৩১৬ | ৩২২৬ | ১৩০৮ | ৮৮৬ | ৫২৮ |

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ১০৯৫০ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩০৩০ মেঃটন, এমওপি ১৮৫৯ মেঃটন এবং ডিএপি ৫২১ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ১১০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৮২৫ মেঃটন, টিএসপি ৭৬৯ মেঃটন, এমওপি ৩৯৫ মেঃটন এবং ডিএপি ২৮১৯ মেঃটন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
(২) সার বিতরণ ব্যবস্থা মনিটরিং জোরদারকরণ এবং কোনক্রমেই যাতে সরকার নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।
(৩) প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা - ৩ : মেসার্স জামিল টেডার্স, প্রোঃ মোঃ জামিল হোসেন এর বিসিআইসি সার ডিলার হওয়ার জন্য আবেদন প্রসঙ্গে।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, মেসার্স জামিল ট্রেডার্স, প্রোঃ মোঃ জামিল হোসেন, কিসমত জামিরা বাজার, বেলপুকুর, পুঠিয়া, রাজশাহী তিনি বিসিআইসি সার ডিলারের জন্য আবেদন করেছেন। উল্লেখ্য যে, বিসিআইসির স্মারক নং বিসিআইসি/এফএমসি/ডিসি/সার-১৪৮(রাজশাহী)/৯৪১, তারিখ ১১/০৯/২০০৮ পত্রে "রাজশাহী জেলায় ৮৬ টি ইউনিয়ন/পৌরসভার বিপরীতে বর্তমানে ৮৮ টি ডিলারশীপ চালু থাকায় নতুন কোন সারের ডিলার নিয়োগ দেয়ার সুযোগ নেই এবং কৃষি

মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৩৫.০৭.০৯৩.২০১৪-২৩৩, তারিখ ১৭/০৬/২০১৫ পত্রে সার ডিলার নিয়োগের ব্যাপারে আপাতত: কোন প্রস্তাব প্রেরণ না করার জন্য পরামর্শ প্রদান করেছেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : রাজশাহী জেলায় ইউনিয়ন/পৌরসভার সংখ্যার চেয়ে বিসিআইসি সার ডিলারের সংখ্যা বেশি হওয়ায় নতুন কোন ডিলার নিয়োগের সুযোগ নাই বিধায় মেসার্স জামিল টেডার্স, প্রোঃ মোঃ জামিল হোসেন এর বিসিআইসি সার ডিলার হওয়ার জন্য দাখিলকৃত আবেদন নামঞ্জুর করা হলো।

আলোচনা – ৪: উপজেলায় নিয়োজিত সার ডিলারদের সার বরাদ্দ প্রদান।

বিএডিসির বীজ ডিলার এসোসিয়েশনের সভাপতি বলেন যে, বিএডিসির সার বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ইউনিয়নে নিয়োজিত বিসিআইসি ও বিএডিসির সার ডিলারদের মধ্যে সমান বরাদ্দ প্রদান করার বিষয়ে ইতিপূর্বে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একমাত্র বাঘা উপজেলা ব্যাতিত জেলার সকল উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সে মোতাবেক বরাদ্দ প্রদান করছেন। তিনি বাঘা উপজেলার বিএডিসির সার বরাদ্দ প্রদানের সময় ইউনিয়নে নিয়োজিত সকল ডিলারের মাঝে সমানভাবে বরাদ্দ প্রদানের আহবান জানান। জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বলেন উপজেলার সকল ইউনিয়ন / পৌরসভা সমুহের আবাদকৃত জমি এবং ফসল বিবেচনা করে সার বরাদ্দ প্রদান করতে হবে। উদাহারন হিসেবে তিনি বলেন পবা উপজেলার কাটাখালী পৌরসভার আবাদী জমি হরিয়ান ইউনিয়নের আবাদী জমি সমান না বিধায় সার বরাদ্দের পরিমান সমান হবে না। কাটাখালী পৌরসভায় সার বিতরণের দায়িত্বে নিয়োজিত বিসিআইসি সার ডিলারের সার বিক্রয় কেন্দ্র সম্পর্কে খোজখবর নেওয়ার জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পবা রাজশাহীকে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : (১)বিএডিসির আমদানিকৃত সার ডিলার ভিত্তিক উপবরাদ্দ প্রদানের সময় জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক একই নিয়মানুসারে সকল উপজেলা বরাদ্দ প্রদান করার জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বাঘা, রাজশাহীকে অনুরোধ জানানো হলো।

(২) পবা উপজেলার কাটাখালী পৌরসভায় সার বিতরণের দায়িত্বে নিয়োজিত সার ডিলার নীতিমালা মোতাবেক ব্যবসা পরিচালনা করছেন কি না এ বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পবা, রাজশাহীকে অনুরোধ জানানো হলো।

আলোচনা – ৫: ০২ জন বিএডিসির বীজ ডিলারের সার ডিলার হিসেবে নিবন্ধনের জন্য আবেদন ।

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহীর সদস্য সচিব বলেন যে, যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, রাজশাহী এর স্মারক নং ১২.০৬.৮১০০.৫৪১.৪০.০০৬.২২.২৩, তারিখ ১২/০১/২০২৩ পত্রে জানিয়েছেন যে, বিএডিসির বীজ ডিলার মেসার্স নাফিস ট্রেডার্স, ধোপাঘাটা বাজার, মোহনপুর এবং মেসার্স তুহিন এন্ড তানভীর এন্টারপ্রাইজ, শানপুকুড়িয়া বাজার, দুর্গাপুর, রাজশাহীদ্বয় বিএডিসির সার ডিলার হিসেবে নিবন্ধনের জন্য আবেদন করেছেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : মেসার্স নাফিস ট্রেডার্স প্রোঃ মোঃ মোয়াজ্জেম হোসেন, ধোপাঘাটা বাজার, মোহনপুর, রাজশাহী বীজ ডিলার লইসেন্স নং ৭৯৮ এবং মেসার্স তুহিন এন্ড তানভীর এন্টারপ্রাইজ প্রোঃ মোঃ খলিলুর রহমান, শানপুকুড়িয়া বাজার, দুর্গাপুর, রাজশাহী বীজ ডিলার লাইসেন্স নং ৮৫৪ সম্পর্কে প্রয়োজনীয় তথ্য ( ৫০ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদামসহ অন্যান্য তথ্য) ও মতামত প্রেরণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মোহনপুর / দুর্গাপুর, রাজশাহী বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ, রাজশাহী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ৪৮৮(৫৮) তারিখঃ ১৫/০৬/২০২৬ খ্রিঃ

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.
........................................................................................(কমিটির সকল সদস্য)
........................................................................................
........................................................................................

১৫/৬/২৬

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০২৫৮৮৮-৬১৭৭১